সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৪৫ তারিখ: ০২ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

ইসলামিক শরীয়াহ ভিত্তিক বিভিন্ন প্রকার সিকিউরিটিজ ইস্যুসহ ইসলামিক ক্যাপিটাল মার্কেট গঠনের ক্ষেত্রে কমিশনকে যথাযথ পরামর্শ দেয়ার উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ৯ সদস্য বিশিষ্ট শরীয়াহ অ্যাডভাইজারি কাউন্সিল গঠনের উদ্যোগ নেয়। এর পরিপ্রেক্ষিতে Bangladesh Securities and Exchange Commission(Securities Market Shariah Advisory Counsil) Rules 2022 এর বিধি-৪ ও বিধি-৫ এ বর্ণিত Shariah Scholar এবং Industry Expert সদস্যদের যোগ্যতা ও অযোগ্যতার শর্ত বিবেচনায় নিয়ে কমিশনের Shariah Advisory Counsil এর সদস্য হিসেবে ৫ জন শরিয়াহ স্কলার ও ৪ জন এক্সপার্ট সমন্বয়ে ৯ সদস্য বিশিষ্ট শরীয়াহ অ্যাডভাইজারি কাউন্সিল গঠনের বাধ্যবাধকতা রয়েছে। ৮৪৮ তম কমিশন সভায় সর্বসম্মতিক্রমে ৯ সদস্যকে মনোনয়নপূর্বক শরীয়াহ অ্যাডভাইজারি কাউন্সিল গঠনের সিদ্ধান্ত চূড়ান্ত হয়। শরীয়াহ অ্যাডভাইজারি কাউন্সিল এর চেয়ারম্যান হিসেবে প্রফেসর ড. মোহাম্মদ আব্দুর রশিদকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়।

শরীয়াহ অ্যাডভাইজারি কাউন্সিল এর জন্য নির্বাচিত ০৫ জন শরিয়াহ স্কলার সদস্য হলেন: ১. অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুর রশিদ; ২. মুফতি শাহেদ রহমানী; ৩. মুফতি ইউসুফ সুলতান সিএসএএ, সিআইএফই; ৪. মুফতি ড. ওয়ালিউর রহমান খান (ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি); ৫. মওলানা শাহ ওয়ালী উল্লাহ।

শরীয়াহ অ্যাডভাইজারি কাউন্সিল এর জন্য নির্বাচিত ০৪ জন এক্সপার্ট সদস্য হলেন: ১. অধ্যাপক আবু তালেব – ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং এক্সপার্ট; ২. জনাব এ কে এম নুরুল ফজল বুলবুল- লিগাল এক্সপার্ট; ৩. অধ্যাপক মো. নাজিম উদ্দিন ভূইয়া এফসিএমএ- অ্যাকাউন্টিং এক্সপার্ট ; ৪. জনাব মেজবাহ উদ্দিন আহমেদ, এফসিসিএ, সিআইপিএ, সিএসএএ- ক্যাপিটাল মার্কেট এক্সপার্ট।

শরিয়াহ অ্যাডভাইজারি কাউন্সিল গঠনের মাধ্যমে বাংলাদেশের পুঁজিবাজারে ইসলামিক শরিয়াহভিত্তিক সিকিউরিটিজ নিয়ে আসার সুযোগ বৃদ্ধি পাবে এবং ইসলামিক শরিয়াহভিত্তিক সিকিউরিটিজে আগ্রহী দেশি ও বিদেশি বিনিয়োগকারীরা দেশের পুঁজিবাজারে বিনিয়োগের ক্ষেত্রে আরোও উৎসাহী হবেন। এতে দেশের পুঁজিবাজারে বিনিয়োগ বৃদ্ধি পাবে।

16-01-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র